

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
আইন-১ অধিশাখা  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)

স্মারক নং-৪৬.০২০.০০৪.০১.০০.৫১৮.২০১৭- ২৫৬৪

তারিখঃ ০৩ পৌষ ১৪২৪  
১৭ ডিসেম্বর ২০১৭

বিষয় : রীট পিটিশন নং-১৫৮৫০/২০১৭, [ পিটিশনার জনাব মোঃ সাজ্জাদ হোসেন টুটুল, পিতা-মৃত- আব্দুল কাদের সরকার, গ্রাম-  
রহবাল, থানা শিবগঞ্জ, জেলা - বগুড়া - বনাম - সরকার ও অন্যান্য ] এ সরকার, পক্ষে, প্রতিদ্বন্দ্বিতা প্রসঙ্গে।

সূত্রঃ সহকারী রেজিস্ট্রার কর্তৃক ২৯.১১.২০১৭ তারিখে প্রেরিত বাংলাদেশ সুপ্রীমকোর্টের হাইকোর্ট বিভাগের ১৩.১১.২০১৭ তারিখের  
আদেশ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের বরাতে জানানো যাচ্ছে যে, বগুড়া জেলার শিবগঞ্জ উপজেলাধীন দাড়িদহ হাট ও বাজার বাংলা ১৪২৪ সাল এর  
ক্ষতিপূরণ লক্ষ্যে আগামী ০১(এক) বৎসরের জন্য অর্থাৎ বাংলা ১৪২৫ সাল পর্যন্ত হাটের সরকারী গড় মূল্যের ২০% কমে পুনরায়  
ইজারার মেয়াদ বর্ধিত করণের দাবীতে স্থানীয় সরকার বিভাগের সচিব মহোদয়সহ ৭ জনকে প্রতিপক্ষ করে এই রীটটি দায়ের করা  
হয়েছে। হাইকোর্ট বিভাগ শুনানী অন্তেঃ ইজারার মেয়াদ বর্ধিত করণের দাবী বিবেচনা না করে আবেদন নিষ্পত্তি করাকে কেন আইনগত  
কর্তৃত্ব বহির্ভূত ঘোষণা করা হবেনা সে মর্মে প্রতিপক্ষগণের প্রতি কারণ দর্শানোর আদেশ দিয়েছেন। বিজ্ঞ আদালত ৩০ (ত্রিশ) দিনের  
মধ্যে নিষ্পত্তি করতঃ রুল ইস্যুপূর্বক সচিব মহোদয়সহ প্রতিপক্ষগণকে জবাব দাখিলের জন্য আদেশ দিয়েছেন।

২। এমতাবস্থায়, ১নং প্রতিপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ওকালতনামা এতদসঙ্গে প্রেরণপূর্বক জবাব দাখিল ও বর্ধিত সময় মঞ্জুরসহ মামলা  
প্রতিদ্বন্দ্বিতার যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত : বর্ণনামতে ১(এক) ফর্দ।

(মোঃ আব্দুল ওয়াহাব রাশেদ)  
সিনিয়র সহকারী সচিব  
ফোনঃ+৮৮০২-৯৫৪০৯৯৫

e-Mail: [dslaw1.lgd.gov@gmail.com](mailto:dslaw1.lgd.gov@gmail.com)

বিজ্ঞ সপ্লিসিটর  
সপ্লিসিটর উইং  
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়  
বাংলাদেশ সুপ্রীমকোর্ট প্রাঙ্গন, ঢাকা।

সদয় অবগতি/কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. বিজ্ঞ এটর্নী জেনারেল অব বাংলাদেশ, বাংলাদেশ সুপ্রীমকোর্ট, ঢাকা।
২. যুগ্মসচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ।
৩. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪. কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫. অফিস কপি/মাস্টার কপি।